

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯১৬

8৮/ কুরআনের ফযীলত (ﷺ کتاب فضائل القرآن عن رسول الله ) পরিচ্ছেদঃ যে কুরআনের একটি হরফ পড়বে তার সাওয়াব কী হবে।

بَابُ مَا جَاءَ فِيمَنْ قَرَأً حَرْفًا مِنَ القُرْآنِ مَالَهُ مِنَ الأَجْرِ

### আরবী

حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ بْنُ الْحَكَمِ الْوَرَّاقُ الْبَغْدَادِيُّ، حَدَّثَنَا عَبْدُ الْمَجِيدِ بْنُ عَبْدِ الْعَزِيزِ، عَنِ الْمُطَّلِبِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ حَنْطَب، عَنْ أَنسِ بْنِ مَالِك، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " عُرِضَت عَلَىَّ أُجُورُ أُمَّتِي حَتَّى الْقَذَاةِ يُخْرِجُهَا الرَّجُلُ مِنَ اللهَ عليه وسلم " عُرِضَت عَلَىَّ أُجُورُ أُمَّتِي حَتَّى الْقَذَاةِ يُخْرِجُهَا الرَّجُلُ مِنَ الْمُسْجِدِ وَعُرِضَت عَلَىَّ ذُنُوبُ أَمَّتِي فَلَمْ أَرَ ذَنْبًا أَعْظَمَ مِنْ سُورَةٍ مِنَ الْقُرْآنِ أَوْ آيَةٍ الْمَسْجِدِ وَعُرِضَت عَلَىَّ ذُنُوبُ أَمَّتِي فَلَمْ أَرَ ذَنْبًا أَعْظَمَ مِنْ سُورَةٍ مِنَ الْقُرْآنِ أَوْ آيَةٍ أُوتِيهَا رَجُلٌ ثُمَّ نَسِيَهَا " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ . قَالَ وَدَاكُرْتُ بِهِ مُحَمَّدٌ وَلاَ أَعُو فَى اللهُ عَلِيه قَالَ وَمَعَرَدُ وَلاَ أَعْرِفُ لِللهُ عليه وسلم إلاَّ قَوْلَهُ حَدَّثَنِي مَنْ شَهِدَ خُطْبَةَ النَّبِيِّ صلى الله عليه وسلم . قَالَ وَسَمِعْتُ عَبْدَ وسلم إلاَّ قَوْلَهُ حَدَّثِنِي مَنْ شَهِدَ خُطْبَةَ النَّبِيِّ صلى الله عليه وسلم . قَالَ وَسَمِعْتُ عَبْدَ الرَّحْمَنِ يَقُولُ لاَ نَعْرِفُ لِلْمُطَّلِبِ سَمَاعًا مِنْ أَحَدٍ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم . قَالَ وَسَمِعْتُ عَبْدَ اللّهِ وَالْذَكَرَ عَلِيُّ بْنُ الْمَدِينِيِّ أَنْ يَكُونَ الْمُطَّلِبُ سَمِعَ مِنْ أَنسٍ الله عليه وسلم . قَالَ عَبْدُ اللّهِ وَأَنْكَرَ عَلِيُّ بْنُ الْمُدِينِيِّ أَنْ يَكُونَ الْمُطَّلِبُ سَمِعَ مِنْ أَنسٍ

#### বাংলা

২৯১৬. আবদুল ওয়াহহাব ইবন হাকাম ওয়াররাক বাগদাদী (রহঃ) ..... আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার উদ্মতের ছওয়াবসমূহ আমার সামনে পেশ করা হয়। এমনকি সমজিদ থেকে যে খড় খুটাটুকুও যে ব্যক্তি বের করেছে তাও আমার সামনে উপস্থাপিত করা হয়। আমার উদ্মতের গুনাহসমূহও আমার সামনে পেশ করা হয়। কুরআনের কোন সূরা বা আয়াত তাকে প্রদান করার পরও যে ব্যক্তি তা ভূলে যায় তদপেক্ষা বড় গুনাহ্ আর কিছুই আমি দেখিনি।

যঈফ, মিশকাত ৭২০, রাওযুন নাযীর ৭২, যইফা, আবু দাউদ ৭১, তিরমিজী হাদিস নম্বরঃ ২৯১৬ [আল মাদানী



## প্রকাশনী]

এই হাদীসটি গারীব। এই সূত্র ছাড়া এটি সম্পর্কে আমাদের আর কিছু জানা নেই। মুহাম্মাদ ইবন ইসামাঈল বুখারী (রহঃ) এর সঙ্গে আমি এ হাদীসটি সম্পর্কে আলোচনা করলে তিনি এটি চিনলেন না এবং এটিকে গারীব বলে মনে করেছেন। মুহাম্মাদ বুখারী (রহঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবীদের কারো নিকট থেকে মুত্তালিব ইবন আবদুল্লাহ্ ইবন হানতাব সরাসরি কিছু শুনেছেন বলে আমি জানি না। তবে তাঁর নিম্নের এই বক্তব্যটির কথা ভিন্নঃ

তিনি বলেন নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর খুতবায় যিনি হাযির ছিলেন এমন একজন আমাকে বর্ণনা করেছেন।

আবদুল্লাহ্ ইবন আবদুর রহমান (রহঃ)-কে বলতে শুনেছি যে, কোন সাহাবী থেকে মুক্তালিব (রহঃ) সরাসরি কিছু শুনেছেন বলে আমরা জানি না। আবদুল্লহ্ (রহঃ) আরো বলেনঃ আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে মুক্তালিব (রহঃ) এর সরাসরি হাদীস শ্রবণের বিষয়টি আলী ইবন মাদীনী (রহঃ) প্রত্যাখ্যান করেছেন।

## **English**

Narrated Al-Muttalib bin 'Abullah bin Hantab:

from Anas bin Malik that the Messenger of Allah (ﷺ) said: "The rewards for my Ummah were displayed before me, even (the reward for) the dust that a man comes out of the Masjid with. The sins of my Ummah were displayed before me, and I have not seen a sin worse than a Surah or Ayah of the Qur'an which a man learned and then forgot."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন